



বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা

[www.bhtpa.gov.bd](http://www.bhtpa.gov.bd)


নং : ৫৬.০২.০০০০.০২৬.৯৯.০০১.২০-১৩৬

তারিখ: ২৮/১২/২০২১ খ্রি.

বিষয়ঃ সেবা ডিজিটাইজেশন হিসেবে অনলাইন ওয়ার্ক পারমিট বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ২০২১-২২ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সেবা ডিজিটাইজেশন হিসেবে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতাধীন বিভিন্ন পার্কে কর্মরত বিদেশি নাগরিকের ওয়ার্ক পারমিট প্রদানের জন্য বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওএসএস পোর্টালে **অনলাইন ওয়ার্ক পারমিট সার্ভিস** সংযোজন করা হয়েছে। উক্ত সার্ভিসের আওতায় বিদেশি নাগরিকগণ ওয়ার্ক পারমিট ইস্যু, ওয়ার্ক পারমিট মেয়াদ বর্ধিতকরণ এবং ওয়ার্ক পারমিট সংশোধন ইত্যাদি সেবা অনলাইনের মাধ্যমে গ্রহণ করতে পারছেন। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতাধীন বিভিন্ন পার্কে কর্মরত বিদেশি নাগরিকের উল্লিখিত **অনলাইন ওয়ার্ক পারমিট সার্ভিস** এর আওতায় সকল সেবা অনলাইনে গ্রহণ করা হচ্ছে যা ইতোপূর্বে হয়নি। এতে সময় এবং খরচের অনেক সাশ্রয় হয়েছে।

০২। এমতাবস্থায়, সেবা ডিজিটাইজেশন হিসেবে অনলাইন ওয়ার্ক পারমিট সার্ভিসটির প্রমাণকসহ তা সদয় অবগতির জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

  
(জৈশ্বরা বেগম)

ইনোভেশন অফিসার (যুগ্মসচিব)  
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

চিফ ইনোভেশন অফিসার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

অনুলিপি : সদয় অবগতির জন্য (জৈষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। পরিচালক (অর্থ ও প্রসাশন/কারিগরি), বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, ডিজিটাল কো-অর্ডিনেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত সহকারি, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা  
[www.bhtpa.gov.bd](http://www.bhtpa.gov.bd)


নং : ৫৬.০২.০০০০.০২৬.৯৯.০০১.২০-১০৫

তারিখ: ২২/১১/২০২১ খ্রি.

বিষয়ঃ সেবা ডিজিটাইজেশন হিসেবে অনলাইন ওয়ার্ক পারমিট বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ২০২১-২২ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সেবা ডিজিটাইজেশন হিসেবে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতাধীন বিভিন্ন পার্কে কর্মরত বিদেশি নাগরিকের ওয়ার্ক পারমিট প্রদানের জন্য বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওএসএস পোর্টালে **অনলাইন ওয়ার্ক পারমিট সার্ভিস** সংযোজন করা হয়েছে। উক্ত সার্ভিসের আওতায় বিদেশি নাগরিকগণ ওয়ার্ক পারমিট ইস্যু, ওয়ার্ক পারমিট এর মেয়াদ বর্ধিতকরণ এবং ওয়ার্ক পারমিট সংশোধন ইত্যাদি সেবা অনলাইনের মাধ্যমে গ্রহণ করতে পারবেন।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতাধীন বিভিন্ন পার্কে কর্মরত বিদেশি নাগরিকের উল্লিখিত **অনলাইন ওয়ার্ক পারমিট সার্ভিস** এর আওতায় সকল সেবা অনলাইনে গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(কল্যান কুমার সরকার)  
একান্ত সচিব  
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর  
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

বিতরণঃ

১। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতাধীন বিভিন্ন পার্কের বিনিয়োগকারী (সকল)।

অনুলিপি : সদয় অবগতির জন্য (জ্যৈষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। পরিচালক (অর্থ ও প্রসাশন/কারিগরি), বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ২। কর্মকর্তা (সকল), বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত সহকারি, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।